রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৭ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ

**এস.আর.ও. নং ১০৬-আইন/২০১৯/৮২৬-মূসক।**—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন), এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার জাতীয় এপিআই (Active Pharmaceutical Ingredients) ও ল্যাবরেটরি বিকারক (Reagents) উৎপাদন ও রপ্তানি নীতি এর আলোকে Active Pharmaceutical Ingredients (API), অতঃপর উক্ত পণ্য বলিয়া উল্লিখিত, উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, অতঃপর উক্ত প্রতিষ্ঠান বলিয়া উল্লিখিত, এর প্রয়োজনীয় কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:—

**শর্তাবলীঃ**

ক) উক্ত প্রতিষ্ঠানকে বাংলাদেশে নিবন্ধিত হইতে হইবে এবং উক্ত প্রতিষ্ঠান কর্তৃক প্রতি পঞ্জিকা বৎসরে অন্যূন পাঁচটি নতুন মলিকিউল উৎপাদন করিতে হইবে;

খ) উক্ত প্রতিষ্ঠানকে প্রতি বৎসর উৎস নিরীক্ষণ, Quality Audit এবং Current Good Manufacturing Practice এর নির্ধারিত মানদন্ড নিশ্চিত করিতে হইবে;

গ) উক্ত প্রতিষ্ঠানের বার্ষিক টার্নওভারের অন্যূন এক শতাংশ বাধ্যতামূলকভাবে গবেষণা ও উন্নয়নে (Research & Development) ব্যয় করিতে হইবে এবং একাডেমিক ও গবেষণা প্রতিষ্ঠানের সহিত সম্পৃক্ততা প্রতি বৎসর উত্তরোত্তর বৃদ্ধি করিতে হইবে;

ঘ) উক্ত পণ্য উৎপাদনের জন্য প্রয়োজনীয় আমদানিতব্য কাঁচামালের নাম, বিবরণ, পরিমাণ ও H.S Code ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং এইরূপ তথ্যের তালিকা বা প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট শুল্ক স্টেশনে শুল্কায়নের সময় দাখিল করিতে হইবে; এবং

ঙ) উক্ত পণ্য উৎপাদনের ক্ষেত্রে মূল্য সংযোজনের হার অন্যূন ষাট শতাংশ হইতে হইবে।


**মূল্য ঃ** টাকা ৪·০০

২। এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত প্রতিষ্ঠান কর্তৃক উপরিউক্ত শর্তাবলী পরিপালন করা হইবে মর্মে তিনশত টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ড, অতঃপর বোর্ড বলিয়া উল্লিখিত, এর নিকট আবেদন করিতে হইবে।

৩। অনুচ্ছেদ ২ এর অধীন প্রাপ্ত আবেদন বিবেচনার জন্য নিম্নরূপ একটি কমিটি থাকিবে, যথা:—

| | | |
|---|---|---|
| (ক) | দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | আহ্বায়ক |
| (খ) | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা | সদস্য |
| (গ) | যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| (ঘ) | ঔষধ প্রশাসন অধিদপ্তরের একজন প্রতিনিধি | সদস্য |
| (ঙ) | সংশ্লিষ্ট মূসক সার্কেল এর রাজস্ব কর্মকর্তা | সদস্য সচিব। |

৪। অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত কমিটি উক্ত প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন বোর্ডে দাখিল করিবে।

৫। অনুচ্ছেদ ৪ এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর, বোর্ড উহা বিবেচনাপূর্বক, এই প্রজ্ঞাপনের শর্তাবলী যথাযথভাবে প্রতিপালিত হওয়া সাপেক্ষে, প্রতিবেদন প্রাপ্তির ত্রিশ কার্যদিবসের মধ্যে আবেদনটি নিষ্পত্তি করিবে এবং অনুমোদনের তারিখ হইতে এই প্রজ্ঞাপনের সুবিধা প্রদান করা হইবে।

৬। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, উক্ত প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩১, ৩২ ও ৩৫ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্র প্রদানের যাবতীয় আনুষ্ঠানিকতা যথাযথভাবে প্রতিপালন করিতে হইবে।

৭। উক্ত প্রতিষ্ঠান অনুচ্ছেদ ৬ এর বিধান প্রতিপালন করিতে ব্যর্থ হইলে এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতির সুবিধা প্রাপ্য হইবে না।

৮। উক্ত প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করিতেছে কিনা উহা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

৯। অনুচ্ছেদ ৮ এর অধীন মূল্য সংযোজন কর কমিশনার কর্তৃক যাচাইকালে যদি তাহার নিকট প্রতীয়মান হয় যে, উক্ত প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের কোনো শর্ত লঙ্ঘন করিতেছে তাহা হইলে উহার বিরুদ্ধে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ও Customs Act, 1969 এর বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং এই প্রজ্ঞাপনের অধীন মূল্য সংযোজন কর অব্যাহতির সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল হইবে।

১০। এই প্রজ্ঞাপন ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত কার্যকর থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া,** এনডিসি
সিনিয়র সচিব।

মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd